

প্রাপ্ত
১/১২/২৪
১/১২/২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
উপবৃত্তি শাখা

বাড়ি নং-৪৪, সড়ক নং-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd

সরকারি কেসি কলেজ, বানাহিদহ।
ভকেট নং...
তারিখ:...



নং- ৩৭.২৪.০০০০.০৩.০৯৮.০০৪.২৪-৮২

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের এককালীন চিকিৎসা অনুদান প্রদানের লক্ষ্যে ২০২৩-২৪ অর্থবছরের মে-জুন প্রান্তে অনলাইনে আবেদন গ্রহণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণিতে অধ্যয়নরত দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন অসচ্ছল পরিবারের মেধাবী শিক্ষার্থীদের প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক 'দুর্ঘটনায় গুরুতর আহত শিক্ষার্থীদের এককালীন আর্থিক অনুদান প্রদান নির্দেশিকা, ২০২০' অনুসরণপূর্বক এককালীন চিকিৎসা অনুদান প্রদান করা হয়।

২। চিকিৎসা অনুদান প্রাপ্তির জন্য চিকিৎসাধীন শিক্ষার্থীকে ই-চিকিৎসা অনুদান ম্যানেজমেন্ট সিস্টেমের <https://www.eservice.pmeat.gov.bd/medical> -এ লিংকে প্রবেশ করে অনলাইনে আবেদন করতে হবে। দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থী বর্ণিত লিংক ব্যবহার করে অনলাইনে তার চিকিৎসা মেয়াদে একবার মাত্র চিকিৎসা অনুদানের জন্য আবেদন করতে পারবেন এবং দুর্ঘটনায় গুরুতর আহত ও হাসপাতালে চিকিৎসা গ্রহণের সময় বিজ্ঞপ্তি প্রকাশের অর্থবছর অথবা ১ এক বছরের মধ্যে হতে হবে। চিকিৎসা অনুদানের জন্য আবেদনের ক্ষেত্রে দুর্ঘটনা প্রমাণে জেলা পর্যায়ে সিভিল সার্জন/সরকারি হাসপাতালের চিকিৎসক/উপজেলা পর্যায়ে উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্তৃক 'গুরুতর আহত'-র সমর্থনে প্রত্যয়নকৃত শিক্ষার্থীর চিকিৎসা সনদ, চিকিৎসা গ্রহণ সংক্রান্ত প্রয়োজনীয় রিপোর্ট ও নির্ধারিত ফরমে শিক্ষা প্রতিষ্ঠানের প্রত্যয়ন অনলাইনে আপলোড করতে হবে।

৩। বর্ণিত অবস্থায়, ই-চিকিৎসা অনুদান ব্যবহার নির্দেশিকা অনুসরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্র আপলোড করে ষষ্ঠ থেকে স্নাতক ও সমমান শ্রেণির দুর্ঘটনায় গুরুতর আহত চিকিৎসাধীন শিক্ষার্থীদের ২০২৩-২৪ অর্থবছরের মে-জুন প্রান্তের আবেদন আগামী ২৪/০৬/২০২৪ তারিখ রাত ১১:৫৯ মিনিট পর্যন্ত সিস্টেম ব্যবহার করে অনলাইনে করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

উপজেলা মাধ্যমিক/থানা শিক্ষা অফিস (সকল)

[সংশ্লিষ্ট সকল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে বিজ্ঞপ্তি অবহিত করার
অনুরোধসহ]

(মোহাম্মদ আনোয়ার হোসেন সোহাগ)

সহকারী পরিচালক (উপবৃত্তি)

ফোন: ০২-৫৫০০০৪২৮

email: ad.stipend@pmeat.gov.bd

নং- ৩৭.২৪.০০০০.০৩.০৯৮.০০৪.২৪-৮২

তারিখ: ২৬ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
০৯ মে ২০২৪ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)-

১। জেলা প্রশাসক (সকল);

২। জেলা শিক্ষা অফিসার (সকল);

৩। উপজেলা নির্বাহী অফিসার (সকল);

৪। কর্মকর্তা (সকল), প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা;

৫। কর্মকর্তা (সকল), সমন্বিত উপবৃত্তি কর্মসূচি, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, ধানমন্ডি, ঢাকা;

৬। পরিচালক, আইসিটি, জাতীয় বিশ্ববিদ্যালয়, গাজীপুর;

৭। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);

৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ই.এম.আই.এস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের
অনুরোধসহ);